এসো নীপবনে ছায়াবীথিতলে,   এসো করো স্নান নবধারাজলে ॥
দাও আকুলিয়া ঘন কালো কেশ,   পরো দেহ ঘেরি মেঘনীল বেশ—
কাজলনয়নে, যূথীমালা গলে,   এসো নীপবনে ছায়াবীথিতলে ॥
আজি ক্ষণে ক্ষণে হাসিখানি, সখী,   অধরে নয়নে উঠুক চমকি ।
মল্লারগানে তব মধুস্বরে   দিক্ বাণী আনি বনমর্মরে ।
ঘনবরিষনে জলকলকলে   এসো নীপবনে ছায়াবীথিতলে ॥

---

Parjaay: Prakriti / Borsha, Taal: 2-2, Raag: Kafi

Visit www.geetabitan.com for notation and other detail